

## ঢাকা বিভাগীয় অফিসের সাথে কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরের ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত

সোনার বাংলাকে একটি আধুনিক ডিজিটাল বাংলাদেশ হিসেবে প্রতিষ্ঠিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বদ্ধ পরিকর। তারই ধারাবাহিকতায় সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থায় নানামুখী ডিজিটাল কার্যক্রমের প্রচলন করা হয়েছে। কৃষি বিপণন অধিদপ্তরও নিয়মিতভাবে বিভিন্ন ডিজিটাল কার্যক্রম চালিয়ে যাচ্ছে। গত ২৫/০৯/২০১৭ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সভা কক্ষে সদর দপ্তরের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ঢাকা বিভাগীয় অফিসের মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মাহবুব আহমেদ। উক্ত সভায় কৃষি বিপণন অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের পক্ষে অংশগ্রহণ করেন উপপরিচালক জনাব ডঃ মোঃ আশরাফুজ্জামান (উপ-সচিব)। সভায় নিত্যপ্রয়োজনীয় কৃষিপণ্য বিশেষ করে চালের সাম্প্রতিক বাজার মূল্য, সরবরাহ পরিস্থিতি, যৌক্তিক মূল্য বাস্তবায়ন অগ্রগতি, ননট্যাক্স রেভিনিউ কালেকশন অগ্রগতি, ই-ফাইলিংসহ বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সদর দপ্তরে কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন উপপরিচালক জনাব মোঃ আব্দুর রশিদ, উপপরিচালক জনাব শাহনাজ বেগম নীনা (উপ-সচিব), উপপরিচালক দেওয়ান আশরাফুল হোসেন, উপপরিচালক জনাব মোঃ আনারুল কবির (উপ-সচিব) এবং অন্যান্য শাখার বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উক্ত সভাটি কৃষি বিপণন অধিদপ্তরের আইসিটি সেলের সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সফল আয়োজন এবং ভবিষ্যতে অন্যান্য বিভাগীয় অফিস ও জেলা অফিসের মধ্যে এ ধরনের সভা অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশাবাদ ব্যক্ত করেন। মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন সভায় সমাপ্তি ঘোষণা করেন।